**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 11-04-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা হোমিওপ্যাথি চিকিৎসার সুফল সম্পর্কে মানুষকে আরো বেশি করে অবগত করতে ব্যাপক প্রচারের উপর গুরুত্ব আরোপ করেছেন| বিশ্ব হোমিওপ্যাথি দিবস উপলক্ষে গতকাল আগরতলার প্রজ্ঞা ভবনে রাজ্য আয়ুষ মিশন আয়োজিত রাজ্যভিত্তিক আলোচনা সভায় বক্তব্য রাখতে গিয়ে মুখ্যমন্ত্রী বলেন, রাজ্য সরকার রাজ্যে একটি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ গড়ে তোলার পরিকল্পনা নিয়েছে| এর জন্য বহির্রাজ্যের উদ্যোগপতিদের কাছেও প্রস্তাব রাখা হয়েছে। সাব্রুমে আরও একটি ইন্টিগ্রেটেড আয়ুষ হাসপাতাল গড়ে তোলা হবে।

*************************

**NIA arrest. Rana 26/11 :**

২৬/১১ মুম্বই হামলার মূল চক্রী তাহাউর হুসেন রানাকে মার্কিন যুক্তরাষ্ট্রে থেকে ভারতে সফলভাবে প্রত্যর্পন করা হয়েছে। মার্কিন যুক্তরাষ্ট্রে থেকে সফলভাবে ভারতে প্রত্যর্পণের পর গতকাল সন্ধ্যায় নয়াদিল্লির ইন্দিরা গান্ধি আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছানোর পরপর ২৬/১১ মুম্বই হামলার মূল চক্রী তাহাউর হুসেন রানাকে আনুষ্ঠানিকভাবে গ্রেপ্তার করেছে জাতীয় তদন্তকারী সংস্থা ।দীর্ঘ বহু বছর নিরন্তর চেষ্টার পর এন আই এ এই সফলতা পায় ও তাহাউর রানার

প্রত্যর্পণ নিশ্চিত করে। ২৬/১১-র সন্ত্রাসীকান্ডের মাস্টারমাইন্ড তাহাউর রানা মার্কিন যুক্তরাষ্ট্রে তার প্রত্যর্পণ আটকানোর জন্য বহু চেষ্টা করে কিন্তু তার শেষ চেষ্টাও ব্যর্থ হয় ।

*******************

## P.M Visit to U.P / M.P :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ উত্তরপ্রদেশ ও মধ্যপ্রদেশ সফরে যাচ্ছেন | তিনি উত্তরপ্রদেশের বারাণসীতে ৩ হাজার ৮৮০ কোটি টাকারও বেশি মূল্যের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের শিলান্যাস ও উদ্বোধন করবেন। এই প্রকল্পগুলির মধ্যে রয়েছে - পরিকাঠামো উন্নয়ন এবং বারাণসীর সড়ক যোগাযোগ ও বিদ্যুত সরবরাহ ব্যবস্থা |

*************************

## Power Minister :

বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ জানিয়েছেন, রাজ্যের প্রথম সৌরবিদ্যুৎ গ্রাম হবে মোহনপুর মহকুমার রাঙাছড়া গ্রাম| এই গ্রামের প্রত্যেক বাড়িতে সৌরবিদ্যুৎ এর ব্যবস্থা করা হচ্ছে| বিজেপির ৪৬তম প্রতিষ্ঠা বর্ষে সপ্তাহব্যাপী গ্রাম চলো অভিযানের অঙ্গ হিসেবে বিদ্যুৎমন্ত্রী গতকাল রাঙাছড়া গ্রাম সফরকালে সাংবাদিকদের একথা জানান। তিনি জানান, এই গ্রামে সৌরবিদ্যুৎ চালিত ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট বসানো হচ্ছে। বিদ্যুৎ দপ্তরের অন্তর্গত ট্রেডা সংস্থা এই কাজ করছে। তিনি বলেন,-------

BYTE *************

***********************

**PM, POSHAN :**

প্রধানমন্ত্রী পোষণ যোজনার আওতায় উপকরণের খরচ ৯.৫% বৃদ্ধি করেছে কেন্দ্র। এই কেন্দ্রীয় প্রকল্পে বালবাটিকা এবং সরকারি ও সরকারি সাহায্যপ্রাপ্ত স্কুলগুলিতে ১ম থেকে ৮ম শ্রেণীর এগারো কোটিরও বেশি শিক্ষার্থীকে গরম রান্না করা খাবার খাওয়ানো হয়। শিক্ষামন্ত্রক জানিয়েছে, নতুন হার আগামী মাসের ১ তারিখ থেকে সমস্ত রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলগুলিতে প্রযোজ্য হবে।

********************

**PMKSY :**

প্রধানমন্ত্রী কৃষি সিঞ্চাই যোজনায় ২০২৪-২৫ অর্থবছরে পশ্চিম ত্রিপুরা জেলার বিভিন্ন ব্লকের ১৪টি দুঃস্থ কৃষক পরিবারকে নতুন পুকুর খনন করে দেওয়া হয়েছে। প্রতিটি পুকুর খননে ৯০ হাজার টাকা করে ব্যয় হয়েছে। এছাড়া জেলার ১১টি দুঃস্থ কৃষক পরিবারের পুরানো পুকুর সংস্কার করে দেওয়া হয়েছে।

*********************

**Santana Chakma-Meagher :**

শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমা বলেছেন, এক দেশ এক নির্বাচন হলে সময় এবং সরকারি অর্থের সাশ্রয় হবে। উন্নয়নমূলক কাজকর্মও তরান্বিত হবে। গতকাল মেলাঘর কালীবাড়ি মাঠে মেলাঘর রেভিনিউ সার্কেলের নবনির্মিত ডি.সি.এম অফিসের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি একথা বলেন|

*********************

**CPIM :**

রান্নার গ্যাসের দাম বৃদ্ধির সিদ্ধান্ত বাতিল করা সহ বিভিন্ন দাবিতে সিপিআইএমের ডুকলি বিভাগের উদ্যোগে গতকাল আগরতলায় বিক্ষোভ মিছিল সংগঠিত করা হয়। মিছিলে নেতৃত্ব দেন সিপিআইএম ডুকলি বিভাগের সম্পাদক রাজ কুমার চৌধুরী|

*********************

**One Nation One Election :**

B.J.P-র উদ্যোগে গতকাল ফটিকরায় মন্ডল কার্যালয়ে "এক দেশ, এক নির্বাচন" বিষয়ে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। দেশের সার্বিক বিকাশে এক দেশ এক নির্বাচন এর প্রয়োজনীয়তা রয়েছে, এটা সময়োপযোগী দাবি বলে বক্তারা অভিমত প্রকাশ করেন। বক্তব্য রাখেন, তপশিলী জাতি কল্যাণ মন্ত্রী সুধাংশু দাস, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ প্রমুখ।

***********************

**Weather :**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়েছে, আকাশ অংশত মেঘলা থাকবে। বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি হতে পারে সঙ্গে দমকা হওয়াও বয়ে যেতে পারে। রাজ্যের উত্তর জেলা, ঊনকোটি ও ধলাই জেলার কোথাও কোথাও বজ্রবিদ্যুৎ সহ বিক্ষিপ্তভাবে বৃষ্টিপাত এবং সেইসঙ্গে ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো বা দমকা হাওয়া বয়ে যাওয়ার সতর্কবার্তা দেওয়া হয়েছে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৩.৪ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৩ ডিগ্রির কাছাকাছি।

********************

*********************